



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.mora.gov.bd

অতি জরুরি
ই-মেইল/বিশেষ বাহক মারফত

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০- ১৪০

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬
২৫ মার্চ, ২০২০


বিষয়: করোনা ভাইরাস প্রতিরোধে আসন্ন ধর্মীয় অনুষ্ঠানে জনসমাবেশ সীমিতকরণের ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-এর ১৮/৩/২২০ খ্রি. তারিখের স্মারক নং- ০৫.৪১.৩০০০.০১১.৯৯.১৭.১৯.১৪৪-এর ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হ'ল। উক্ত পত্রে জানানো হয়েছে যে, নারায়ণগঞ্জ জেলার লাঙ্গলবন্দে আগামী ৩১/৩/২০২০ হতে ০১/৪/২০২০ খ্রি. তারিখে হিন্দু সম্প্রদায়ের মহা অষ্টমী পুণ্যমান এবং গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার ওড়াকান্দি গ্রামে আগামী ২১-২৫ মার্চ ২০২০ খ্রি. তারিখে হিন্দু ধর্মীয় সম্প্রদায়ের বিশেষ ধর্মীয় অনুষ্ঠান ও মেলা আয়োজনের সময় নির্ধারণ করা হয়েছে। করোনা ভাইরাস সংক্রমণের এই সংকটকালে নারায়ণগঞ্জের হিন্দু সম্প্রদায়ের মহা অষ্টমী পুণ্যমান এবং গোপালগঞ্জ কাশিয়ানীর ওড়াকান্দির ধর্মীয় অনুষ্ঠান ও মেলা স্থগিত করা আবশ্যিক। উল্লেখ্য, স্বাস্থ্য সেবা বিভাগে গত ১৫/৩/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে ক্রমিক নং-৪-এ নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে (কপি সংযুক্ত):

“ ওয়াজ মাহফিল, কীর্তন সহ অধিক জনসমাগম হয়, এরকম ধর্মীয় অনুষ্ঠান সাময়িকভাবে বন্ধ রাখতে হহবে। সকল ধর্মাবলম্বীদের মধ্যে করোনা বিষয়ক সচেতনতা সৃষ্টি করতে হবে”।

০২। এমতাবস্থায়, বর্তমান পরিস্থিতি উত্তরণ না হওয়া পর্যন্ত নারায়ণগঞ্জের হিন্দু সম্প্রদায়ের মহা অষ্টমী পুণ্যমান এবং গোপালগঞ্জ কাশিয়ানীর ওড়াকান্দির ধর্মীয় অনুষ্ঠান ও মেলা স্থগিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মহ: আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৫৮৯
e-mail: moragovbd@gmail.com

সচিব
হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ঢাকা।

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০-

তারিখ : ১১ চৈত্র, ১৪২৬
২৫ মার্চ, ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ/গোপালগঞ্জ।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সংস্থা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মহ: আব্দুর রশিদ মোল্লাহ)
সহকারী সচিব